গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী
বাড়ি # ১৯৬, সেক্টর # ২, হাউজিং এস্টেট
উপশহর, রাজশাহী।
www.cevrajshahi.gov.bd

২৭

নথি নং-৪/রাজ. কমি./মূসক/০৮/matsuoka/অব্যাহতি/২০২৫/১০০২ তারিখ: ২২ /০৪/২০২৫ খ্রি.।

**সংশোধিত আদেশ**

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখ: ১৩ জুন, ২০১৯ খ্রি. এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯ খ্রি. অনুযায়ী ISHWARDI MATSUOKA BANGLADESH LTD, Factory Address: IEPZ, Paksey, Pabna, Bangladesh (BIN: 000275763-1105) নামীয় শতভাগ সরাসরি রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠান হিসেবে উপর্যুক্ত এস.আর.ও এর অনুচ্ছেদ-(ক) এর টেবিল-১ এ বর্ণিত গ্যাস, অনুচ্ছেদ-(খ) এর টেবিল-০২ এ বর্ণিত ওয়াসা [পানি] ও বিদ্যুৎ বিলের উপর প্রদেয় মূল্য সংযোজন কর (মূসক) হইতে প্রযোজ্য হারে মূসক অব্যাহতি প্রদানের জন্য আবেদন করা হয়। উক্ত আবেদনটি পর্যালোচনাপূর্বক মতামতসহ প্রতিবেদন দাখিল করার জন্য ০২(দুই) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠনপূর্বক আলোচ্য বিষয়ে মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য দায়িত্ব প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে উক্ত কমিটি কর্তৃক আলোচ্য বিষয়ে মতামতসহ একটি প্রতিবেদন এ দপ্তরে পেশ করেন। উক্ত প্রতিবেদন অনুযায়ী কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী এর পত্র নথি নং- ৪/রাজ. কমি./মূসক/০৮/matsuoka/ অব্যাহতি/২০২৫/৭১২; তারিখঃ ০৯/০৩/২০২৫ খ্রি. অনুযায়ী ISHWARDI MATSUOKA BANGLADESH LTI, Factory Address: IEPZ, Paksey, Pabna, Bangladesh (BIN: 000275763-1105) নামীয় প্রতিষ্ঠানের **ইউনিট-২** এর গ্যাসের মিটার নং-৩৪০৪৪৬৪৪৩৪/২০২৩, পানির মিটার নং-২২০৫০০২২ ও ২০১৪০৫০১১৭ ও বৈদ্যুতিক মিটার নং-১৫৭২১০৪৩ এর অনুকূলে মার্চ/২০২৫ খ্রি. মাস থেকে পরবর্তী সময়ের গ্যাস, পানি ও বিদ্যুৎ বিলের উপর মূসক অব্যাহতি প্রদান করা হয়েছিল। তবে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখ: ১৩ জুন, ২০১৯ খ্রি. অনুযায়ী পানির ক্ষেত্রে শুধুমাত্র ''ওয়াসা'' কর্তৃক সরবরাহকৃত পানির বিলের উপর মূসক অব্যাহতি প্রযোজ্য হবে। উল্লেখ্য যে, উক্ত প্রতিষ্ঠানের ব্যবহৃত পানি ওয়াসা কর্তৃক সরবরাহকৃত নয়।

০২। এমতাবস্থায়, ইতোপূর্বে এ দপ্তরের পত্র নথি নং- ৪/রাজ. কমি./মূসক/০৮/matsuoka/ অব্যাহতি/২০২৫/৭১২; তারিখঃ ০৯/০৩/২০২৫ খ্রি. মূলে জারীকৃত আদেশ বাতিলপূর্বক নিম্নবর্ণিত টেবিলের ৫ নং কলামে উল্লিখিত হারে মূল্য সংযোজন কর হতে অব্যাহতির সংশোধিত আদেশ প্রদান করা হলো:

টেবিল

| ক্র: নং | খাত | শিরোনামা সংখ্যা | মিটার নম্বর | মূল্য সংযোজন কর অব্যাহতির হার |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | প্রাকৃতিক গ্যাস | ২৭১১.২১.০০ | গ্যাসের মিটার নং-৩৪০৪৪৬৪৪৩৪/২০২৩ | ১০০% (একশত শতাংশ) |
| ২. | বিদ্যুৎ বিতরণকারী | S০৫৭.০০ | বৈদ্যুতিক মিটার নং-১৫৭২১০৪৩ | ১০০% (একশত শতাংশ) |

**শর্তসমূহ :** (ক) মূসক অব্যাহতির সুবিধাভোগী প্রতিষ্ঠান প্রতি কর মেয়াদের মূসক দাখিলপত্রের (ফরম মূসক-৯.১) সাথে এইরূপে অব্যাহতি প্রদত্ত মূসক সংশ্লিষ্ট তথ্য জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯ খ্রি. পরিশিষ্ট-ক এ বর্ণিত ছক মোতাবেক বৈদেশিক মুদ্রা প্রত্যাবসনের প্রমাণপত্র [Proceeds Realization Certificate (PRC)] সহ কর মেয়াদ পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করবে;

(খ) রাজস্ব কর্মকর্তা, স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় প্রতি মাসে এইরূপ সুবিধাভোগী প্রতিষ্ঠানের তথ্য বিবরণী জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯ খ্রি. পরিশিষ্ট-খ এ বর্ণিত ছক মোতাবেক মূল্য সংযোজন কর, বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবে; এবং

(গ) সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, মূল্য সংযোজন কর, উক্তরূপ মূসক অব্যাহতি সুবিধাভোগী প্রতিষ্ঠানের ক্ষেত্রে তথ্য যাচাইপূর্বক বৈদেশিক মুদ্রা প্রত্যাবসন বিষয়ে বা অন্য কোন বিষয়ে অসামঞ্জস্যতা পাওয়া গেলে উক্ত অসামঞ্জস্যতা বিষয়ে



CamScanner

কারণ দর্শানো নোটিশ ও যথাযথ শুনানীর সুযোগ প্রদানপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে কমিশনারের নিকট অব্যাহতির সুবিধা বাতিলের সুপারিশ করলে কমিশনার প্রয়োজনে শুনানী গ্রহণপূর্বক তা বাতিল করতে পারবেন।

০৩। এ আদেশ মার্চ/২০২৫ খ্রি. মাসের বিদ্যুৎ ও গ্যাস বিল হতে কার্যকর হবে এবং উপর্যুক্ত শর্তাদি প্রতিপালন সাপেক্ষে আগামী ৩১/১২/২০২৮ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

২১/০৫/২৫

(মোঃ আবদুল হাকিম)
কমিশনার
ফোন : ০২৫৮৮৮০১১০৫
E-mail: cevraj93@yahoo.com

O/C

০৯/০৪/২৫

প্রাপক: স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক
ISHWARDI MATSUOKA BANGLADESH LTD,
Factory Address: IEPZ, Paksey, Pabna, Bangladesh (BIN: 000275763-1105)।

নথি নং-৪/রাজ. কমি./মূসক/০৮/matsuoka/অব্যাহতি/২০২৫/১০০২ তারিখ: ২২/০৪/২০২৫ খ্রি.।

অনুলিপি অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ৩২ তোপখানা রোড, চট্টগ্রাম সমিতি ভবন, ঢাকা।
০২। দ্বিতীয় সচিব (মূসক পরি: ও প্রত্যর্পণ), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাওঁ, ঢাকা।
০৩। নির্বাহী পরিচালক, ঈশ্বরদী রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা, পাকশী, পাবনা।
০৪। সহকারী কমিশনার, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা।
[তাঁকে জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ : ২৬/০৯/২০১৯ খ্রি: এর অনুচ্ছেদ নং-৫ মোতাবেক মূসক অব্যাহতি সুবিধাভোগী আলোচ্য প্রতিষ্ঠানের ক্ষেত্রে বৈদেশিক মুদ্রা প্রত্যাবসন বিষয়ে বা অন্য কোন বিষয়ে অসামঞ্জস্যতা পাওয়া গেলে উক্ত অসামঞ্জস্যতার বিষয়ে আইনানুগ কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।]
০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পাবনা।
০৬। নিবাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পাবনা।
০৭। ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিম অঞ্চল গ্যাস কোং লি., পেট্রোসেন্টার, লেভেল ১৩, পেট্রোসেন্টার, কাওরান বাজার, ঢাকা।
০৮। জেনারেল ম্যানেজার (হিসাব ও অর্থ), পশ্চিম অঞ্চল গ্যাস কোং লি., ঈশ্বরদী, পাবনা।
০৯। ডেপুটি জেনারেল ম্যানেজার (হিসাব), পশ্চিম অঞ্চল গ্যাস কোং লি., ঈশ্বরদী, পাবনা।
১০। ডেপুটি জেনারেল ম্যানেজার (রাজস্ব), পশ্চিম অঞ্চল গ্যাস কোং লি., ঈশ্বরদী, পাবনা।
১১। ব্যবস্থাপক (অপারেশন), পশ্চিম অঞ্চল গ্যাস কোং লি., ঈশ্বরদী, ঈশ্বরদী, পাবনা।
১২। উপ ব্যবস্থাপক (রাজস্ব), পশ্চিম অঞ্চল গ্যাস কোং লি., ঈশ্বরদী, পাবনা।
১৩। নির্বাহী প্রকৌশলী (বিক্রয় ও বিতরণ বিভাগ), বিদ্যুৎ অফিস, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা।
১৪। উপ-পরিচালক (আ:হি:দ:), বিদ্যুৎ অফিস, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা।
১৫। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ঈশ্বরদী সার্কেল, পাবনা।
১৬। রাজস্ব কর্মকর্তা, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা।
[তাঁকে উক্ত সুবিধাভোগী প্রতিষ্ঠানের তথ্য বিবরণী জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯ খ্রি. পরিশিষ্ট-খ এ বর্ণিত ছক মোতাবেক যথাসময়ে মূল্য সংযোজন কর, বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।]

21.04.25

(মহিব-উল-ইসলাম)
সহকারী কমিশনার

O/C

০৯/০৪/২৫



CamScanner